

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৬১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মানুষের মধ্যে পরিবর্তন আসা

الفصل الاول (باب تغير النَّاس)

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَتَتَّبِعُنَّ سُننَ مَنْ قبلكُمْ شبْرًا بشبرٍ وذراعاً بذراعٍ حَتَّى لَوْ دَخَلُوا جُحْرَ ضبَبٍّ تَبِعْتُمُوهُمْ» . قِيلَ: يَا رَسُولَ اللَّهِ الْيَهُودَ وَالنَّصارَى؟ قَالَ: «فَمَنْ» . مُتَّفق عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (3456) و مسلم (6 / 2669)، (6781) ـ (مُتَّفق عَلَيْهِ)

#### বাংলা

৫৩৬১-[২] আবৃ সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তীদের অভ্যাস এক এক বিঘত ও এক এক হাত পরিমাণে অনুসরণ করে চলবে- এমনকি তারা যদি দব্দের গর্তেও ঢুকে থাকে তাহলে তোমরাও এতে তাদের অনুসরণ করবে। প্রশ্ন করা হলো, হে আল্লাহর রসূল! তারা কি ইয়াহূদ ও খ্রিষ্টানরা! তিনি বললেন, তবে আর কারা? (বুখারী ও মুসলিম)।

## ফুটনোট

সহীহ বুখারী ৩৪৫৬, মুসলিম ৬-(২৬৬৯), মুসনাদে আহমাদ ১০৮৩৯, আল মুসতাদরাক লিল হাকিম ১০৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : (تَتَّبِعُنَّ سُنْنَ مَنْ قَبِلَكُمْ) তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতি অনুসরণ করবে। এখানে পূর্ববর্তীদের রীতিনীতি বলতে ঐ সমস্ত লোকেদের মনোপ্রবৃত্তি ও বিদ্আত উদ্দেশ্য যা তারা তাদের নবীদের পরে



নিজের পক্ষ থেকে আবিষ্কার করেছিল এবং দীনের মধ্যে পরিবর্তন এনেছিল ও ধর্মগ্রন্থের মধ্যে বিকৃতি সাধন করেছিল যা ছিল বানী ইসরাঈলের স্বভাব।

برًا بشبرٍ وذراعاً بذراعٍ) এক বিঘত এবং এক হাত এক হাত অর্থাৎ তারা যেমন করবে তোমরাও ঠিক তেমনি করবে।

এমনকি তারা যদি গুইসাপের গর্তে প্রবেশ করে, তোমরাও তাদের অনুসরণ করবে। এখানে গুইসাপের গর্তের সাথে তুলনা দেয়ার কারণ হলো, এই প্রকার গর্ত খুব সংকীর্ণ ও খারাপ ধরনের। তা সত্ত্বেও যদি তারা সেখানে প্রবেশ করে তাহলে তোমরাও তা খারাপ হওয়া সত্ত্বেও প্রবেশ করবে, তাদের অনুকরণের স্বার্থে। রসূল (সা.)-কে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! তাহলে তারা কি ইয়াহুদী ও খ্রিষ্টান সম্প্রদায়?

(﴿فَالَ: ﴿فَمَنْ ﴿ اَوْالَ: ﴿فَمَنْ ﴿ اَوْالَ: ﴿فَمَنْ ﴿ اَوْالَ: ﴿فَمَنْ ﴿ اللَّهُ اللَّا اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ ال

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন